

2 0 1 9

BENGALI

(Major)

Paper : 5.5

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) “দেখ, এই দুর্বৃত্ত কোনও মতে নিবৃত্ত হইতেছে না;”
—এই ‘দুর্বৃত্ত’টি কে?
- (খ) রাজা দুষ্যন্তের প্রিয় বয়স্যের নাম কী?
- (গ) মাতলি কে?
- (ঘ) জাপানীদের কাছে কোন ভারতীয় সুভাষচন্দ্রের তুলনায়
অনেক বেশি পরিচিত ছিলেন?
- (ঙ) ছোটোগল্পের ক্ষেত্রে মোপাসাঁর একান্ত নিজস্ব আবিষ্কার
কী?
- (চ) মৌলানা রুমী ভগবানকে কার মতো করে পেয়েছিলেন?
- (ছ) জার্মান ভাষায় ‘ফ্রাইন’ শব্দের বাংলা অর্থ কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “মাধবীলতার এই যে মুকুলনির্গম, এ তোমারই শুভ-সূচক।” বক্তা কে? তিনি কোন্ শুভ সূচনার কথা বলেছেন?
- (খ) “তোমরা খেলনা দিলে না, তবে আমি উহারে ছাড়িব না।” উক্তিটি কার? সে কাকে ছাড়বে না বলেছে?
- (গ) “দ্বিতীয় মহাযুদ্ধের মাঝামাঝি তিনজন নেতা স্বেচ্ছায় নির্বাসন বরণ করে দেশোদ্ধারের জন্য মার্কিন-ইংরেজের শত্রুপক্ষকে সাহায্য করতে প্রস্তুত ছিলেন।” এই তিনজনের মধ্যে একজন হলেন ভারতীয়—নেতাজী; অপর দুজন কারা?
- (ঘ) ইরান দেশের সদাগরের ভারতীয় তোতাটি জ্ঞানে এবং পাণ্ডিত্যে কাদের মতো ছিল?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “শূন্যহৃদয়া শকুন্তলা কোনও পূজনীয় ব্যক্তির নিকট অপরাধিনী হইল।” পূজনীয় ব্যক্তিটি কে? তাঁর কাছে শকুন্তলা কীরূপে অপরাধিনী হয়েছিল তা সংক্ষেপে লেখো।
- (খ) “কেহ কহিয়া দিতেছে না, তথাপি তপোবন বলিয়া বোধ হইতেছে।” বক্তা কে? তপোবনের কী কী লক্ষণ তাঁর চোখে পড়েছিল, সংক্ষেপে আলোচনা করো।

- (গ) “আজ আমি যথার্থ যুবরাজ হইলাম।” একথা কে, কেন বলেছেন তা সংক্ষেপে আলোচনা করো।
- (ঘ) “তোমার আপনজন নই আমি?” একথা কে বলেছে? ‘আপনজন’ হওয়ার পক্ষে সে কী কী প্রমাণ ও যুক্তি দিয়েছিল তা সংক্ষেপে লেখো।
- (ঙ) ছোটোগল্পের ক্ষেত্রে চেখফ-এর বৈশিষ্ট্য উল্লেখ করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) বিদ্যাসাগরের ‘শকুন্তলা’ কালিদাসের ‘অভিজ্ঞানশকুন্তলম্’ নাটকের অনুসরণে অনূদিত হলেও এতে বিদ্যাসাগর আধুনিক প্রাণরস সংগর করেছেন। বিদ্যাসাগরের ‘শকুন্তলা’ অবলম্বনে অনুবাদক বিদ্যাসাগরের বৈশিষ্ট্য আলোচনা করে উক্তিটির যথার্থতা প্রতিপন্ন করো।
- (খ) ‘শকুন্তলা’ গ্রন্থে শকুন্তলার পতিগৃহে যাত্রাকে অবলম্বন করে তপোবনের শান্ত পরিবেশে বাঙালি গার্হস্থ্য জীবনের বিচ্ছেদ-কাতর করুণ-মধুর ছবি অঙ্কিত হয়েছে। ‘শকুন্তলা’ গ্রন্থের চতুর্থ পরিচ্ছেদে বর্ণিত শকুন্তলার পতিগৃহে যাত্রার ঘটনাটি অবলম্বনে উক্তিটির যথার্থতা প্রতিপন্ন করো।
- (গ) ‘শকুন্তলা’ গ্রন্থের প্রথম পরিচ্ছেদে বর্ণিত তপোবনে রাজা দুয্যন্ত ও শকুন্তলার প্রথম সাক্ষাৎ ও পূর্বরাগের দৃশ্য সবিস্তারে আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ঘ) একজন প্রকৃত নেতা হতে গেলে যে-সকল গুণ ও বৈশিষ্ট্যের প্রয়োজন—নেতাজীর মধ্যে সে-সকল যে পূর্ণমাত্রায় বিরাজমান, ‘নেতাজী’ পাঠে লেখক সেকথাই প্রমাণ সহকারে প্রতিষ্ঠা করেছেন। ‘নেতাজী’ পাঠ অবলম্বনে আলোচনা করো।
- (ঙ) ‘বর্ষা’ পাঠে হাস্যোদ্দীপ্ত পরিবেশ রচনার মাধ্যমে লেখক ভারতবর্ষে বর্ষার সঙ্গে ভারতীয় জীবন ও সাহিত্যের নিবিড় যোগসূত্রটি তুলে ধরেছেন। ‘বর্ষা’ পাঠটি অবলম্বনে আলোচনা করো।
- (চ) “রবীন্দ্রনাথ এসব উত্তীর্ণ হয়ে অজরামর হয়ে রইবেন তাঁর গানের জন্য।” ‘পঁচিশে বৈশাখ’ অবলম্বনে রবীন্দ্রনাথের গানের বৈশিষ্ট্য আলোচনা করে লেখকের এই বক্তব্য বিশ্লেষণ করো।

★ ★ ★